

## হজ্জে যাওয়ার নিবন্ধন ফরম পূরণের নিয়মাবলী

- ১। ২০১৫ সালে সরকারি ব্যবস্থাপনায় হজ্জে যাওয়ার জন্য নিবন্ধন ফরম (ফরম-১ ও ২) ছাঁপানো হয়েছে। অতএব ২০১৪ সাল পর্যন্ত মুদ্রিত সকল ফরম বাতিল বলে গণ্য হবে।
- ২। হজ্জের নিবন্ধন ফরমের সকল কলাম ইংরেজী বড় অক্ষরে (CAPITAL LETTER) পূরণ করতে হবে।
- ৩। নিবন্ধন ফরম পূরণ করে সরকারি নির্দেশ মোতাবেক ব্যাংকে জমাকৃত টাকার মূল পে-অর্ডার/হজ্জ ডিউজ (HAJJ DUES) রশিদ, আন্তর্জাতিক পাসপোর্টসহ ০৫.০২.২০১৫খ্রিঃ তারিখের মধ্যে এবং প্যাকেজ মূল্যের অবশিষ্ট টাকা ১০.০৬.২০১৫খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসকের দপ্তরে জমা করতে হবে। ব্যাংকের ডিপোজিট স্লিপ কোন অবস্থাতেই গ্রহণযোগ্য নয়।
- ৪। পুরুষ নিবন্ধনকারী একক এবং দলগত উভয় প্রকারেই হজ্জে যেতে পারবেন।
- ৫। দলে অন্তর্ভুক্ত হতে চাইলে নিবন্ধন ফরমের সঙ্গে দলগত ফরম-২ পূরণ করে সংযোজন (সংযোজনীতে ক্রমিক নং উল্লেখসহ) করে দিতে হবে।
- ৬। দলভুক্ত হজ্জযাত্রীদের (সর্বনিম্ন দুই এবং সর্বোচ্চ পাঁচ জন) দলগত ফরম-২ পূরণ করতে হবে। উহাতে প্রথমেই দলনেতার নাম এবং পরে অন্যান্য সদস্যদের নাম ক্রমিক নম্বরসহ লিখে সংশ্লিষ্ট কলামগুলি পূরণ করতে হবে। ২ নং ফরমের নীচে শুধুমাত্র দলনেতার স্বাক্ষর থাকলেই চলবে।
- ৭। দলে কোনো মহিলা সদস্য থাকলে তাঁর সহযাত্রী হিসেবে স্বামী স্বয়ং অথবা একজন শরীয়তসম্মত মাহরম থাকতে হবে এবং মাহরমের নাম ও সম্পর্ক নিবন্ধন ফরমের ১৫ নং কলামে উল্লেখ করতে হবে। মাহরম শরীয়তসম্মত কী না সে সম্পর্কে মুফতি/জামে মসজিদের ইমাম/মাদ্রাসার অধ্যক্ষ বা মহাদেসের সনদ হজ্জের দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।
- ৮। নিবন্ধন ফরমে সংশ্লিষ্ট হজ্জযাত্রীর ১ (এক) টি পাসপোর্ট সাইজের সাদা ব্যাকগ্রাউন্ডে সদ্যতোলা রঙ্গীন ছবি সংশ্লিষ্ট স্থানে স্ট্যাপলার দ্বারা গেঁথে দিতে হবে। ছবির উল্টোদিকে অবশ্যই নাম লিখতে হবে। সত্যায়িত করার প্রয়োজন নেই।
- ৯। অসম্পূর্ণ নিবন্ধন ফরম বাতিল করার ক্ষমতা হজ্জ অফিস নিঃশর্তভাবে সংরক্ষণ করে বিধায় অসম্পূর্ণ নিবন্ধন ফরম সরাসরি বাতিল হয়ে যাবে।
- ১০। হজ্জের নিবন্ধন ফরম উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসকের অফিসে জমা দেওয়ার পর নিবন্ধন ফরমে উল্লিখিত দলের সদস্যের নাম পরিবর্তন করা যাবে না। তবে রেজিস্টার্ড চিকিৎসকের প্রত্যয়নপত্র থাকলে রোগজনিত কারণে অথবা মৃত্যুজনিত কারণে নাম পরিবর্তনের কথা বিবেচনা করা যাবে।
- ১১। সকল হজ্জযাত্রীকে নিজের অথবা নিকট জনের অথবা প্রতিবেশীর যেকোন একটি সচল মোবাইল নম্বর ফরমে উল্লেখের বিষয়ে বিশেষভাবে দৃষ্টিআকর্ষণ করা হচ্ছে। সৌদিআরব অথবা বাংলাদেশ হতে কোন জরুরী তথ্য বা সরকারি বিজ্ঞপ্তি/নির্দেশনা ফোন করে অথবা এসএমএস এর মাধ্যমে আদান-প্রদানের জন্য ইহা জরুরী।
- ১২। চিকিৎসা সংক্রান্ত তথ্যসমূহ সতর্কতার সাথে নিশ্চিত হয়ে ডাক্তারের পরামর্শ মোতাবেক পূরণ করার জন্য অনুরোধ করা হল। সৌদিআরবে জরুরী চিকিৎসার প্রয়োজন হলে উল্লিখিত তথ্যসমূহের সহায়তা গ্রহণ করা হবে।

বিঃ দ্রঃ সরকারি ব্যবস্থাপনাধীন হজ্জযাত্রীগণের কোন তথ্য জানার প্রয়োজন হলে হজ্জ অফিস টাকার ৭৯১২৩৯১/৭৯১১৭১৩ নং টেলিফোনে যোগাযোগ করতে পারবেন।

অনুগ্রহপূর্বক সৌদিআরব যাত্রাকালে নিজের ব্যবহার্য পছন্দের প্রয়োজনীয় গুণুধ সঙ্গে নিবেন।